

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
তিতাস, কুমিল্লা।

স্মারক নং- ৪৪.০৩.১৯৯৪.০১৮.০১.০০২.২৫-৪৩

তারিখঃ ২৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ।
১২ মে ২০২৫ খ্রিষ্টাব্দ।


“অফিস আদেশ”

আনসার ও ভিডিপি সদর দপ্তর ভিডিপি প্রশিক্ষণ শাখার স্মারক নং- ১২৯, তারিখ: ০৮-০৫-২০২৫খ্রিঃ মূলে ২০২৪-২০২৫ অর্থবছরে গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ এর ৪র্থ ধাপ তিতাস উপজেলার জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদে আগামী ১৮/০৫/২০২৫ হতে ২৯/০৫/২০২৫খ্রিঃ পর্যন্ত অনুষ্ঠিত হবে। এতে প্রশিক্ষণ শুরুর প্রথম দিন হতে প্রশিক্ষণার্থী শতভাগ উপস্থিত হতে পারে এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন দলনেতা/দলনেত্রীকে প্রয়োজনীয় মোটিভেশন প্রদানপূর্বক প্রশিক্ষণার্থী সংগ্রহ ও বাছাই করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের প্রয়োজনীয় ডকুমেন্টস যাচাই করে সংরক্ষণ করার জন্য দলনেতা/দলনেত্রীকে নির্দেশনা প্রদান করা হলো।

উল্লেখ্য যে, আগামী ১৫/০৫/২০২৫খ্রিঃ সকাল ০৯.০০ ঘটিকায় জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদে বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত বাছাই কার্যক্রমে আগ্রহী সকল প্রশিক্ষণার্থীকে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।

প্রশিক্ষণার্থীর যোগ্যতাঃ-

১. ন্যূনতম ৮ম শ্রেণি পাস (এসএসসি সনদধারীদের অগ্রাধিকার), নাগরিকত্ব সনদ, বয়সঃ ১৮-২৫ বছর, জাতীয় পরিচয়পত্র (বাধ্যতামূলক) এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
২. স্বেচ্ছা সেবায় ও মানব নিরাপত্তায় আগ্রহী এবং এলাকায় সুনামের অধিকারী হতে হবে।
৩. সাজাপ্রাপ্ত/দন্ডিত ও মামলায় জড়িত ব্যক্তিকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা যাবে না।
৪. স্থানীয় চেয়ারম্যান/মেম্বার/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক প্রত্যয়নপত্র নিতে হবে।
৫. যারা স্থায়ীভাবে সংশ্লিষ্ট ইউনিয়নের গ্রামে বসবাস করে তাদেরকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করতে হবে।
৬. প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ গ্রহণে আগ্রহীদের অগ্রাধিকার দিতে হবে।



তাহমিনা আক্তার
পরিচিতি নম্বর-বিএভি ২১০০০১১৯১
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা(অঃ দাঃ)
তিতাস, কুমিল্লা।

স্মারক নং- ৪৪.০৩.১৯৯৪.০১৮.০১.০০২.২৫-৪৩

তারিখঃ ২৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ।
১২ মে ২০২৫ খ্রিষ্টাব্দ।

অনুলিপিঃ

- ১। জেলা কমান্ড্যান্ট
আনসার ও ভিডিপি, কুমিল্লা। - সদয় অবগতির জন্য।
- ২। উপজেলা নির্বাহী অফিসার
তিতাস, কুমিল্লা। - ঐ
- ৩। প্রশাসক,
৮ নং জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদ, তিতাস, কুমিল্লা। - ইউনিয়ন পরিষদের হলরুম বরাদ্দ প্রদানের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৪। সদস্য (সকল)
৮ নং জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদ, তিতাস, কুমিল্লা। - ১৫/০৫/২০২৫খ্রিঃ সকাল ০৯.০০ ঘটিকায় জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিতব্য বাছাই কার্যক্রমে যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণার্থী প্রেরণের অনুরোধ করা হলো।
- ৫। ইউনিয়ন দলনেতা/দলনেত্রী
৮ নং জিয়ারকান্দি ইউনিয়ন পরিষদ, তিতাস, কুমিল্লা। - ১৫/০৫/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম সম্পন্ন করার জন্য।
- ৬। অফিস কপি।



উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা(অঃ দাঃ)
তিতাস, কুমিল্লা